



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

তারিখ : ২২/০৪/২০১৫খ্রি.

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/২৭৫

বিষয় : প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০০.০০০.৭০.০৩.০০২.২০১৪/৮৪, তারিখ: ২৩/০৩/২০১৫খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৫/০৪/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, শঙ্খপুর শাহে আলম মডেল কলেজ, ডাক: খাসেরহাট, উপজেলা: তজুমদ্দিন, জেলা: ভোলা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তে উল্লিখিত শাখা ও বিষয়সমূহে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিসহ ০১/০৭/২০১৫ থেকে ৩০/০৬/২০১৬ পর্যন্ত পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত অনুমতি বাতিল হয়ে যাবে এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বোর্ড কর্তৃপক্ষ বিরত থাকবে।

শাখা	বিষয়
১। সকল শাখার জন্য	: বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)
২। নৈর্ব্যাপ্তিক বিষয় ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, সমাজ বিজ্ঞান, যুক্তিবিদ্যা, সমাজকর্ম, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ভূগোল এবং ইসলাম শিক্ষা
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
গ) বিজ্ঞান শাখা	: পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান এবং উচ্চতর গণিত
ঘ) সকল শাখার জন্য	: কৃষি শিক্ষা

শর্তাবলী

- ০১। কলেজটি স্ব-অর্থায়নে পরিচালিত হবে
- ০২। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা এবং পরীক্ষার ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে
- ০৩। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না
- ০৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না
- ০৫। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এনটিআরসিএ সনদধারী শিক্ষক নিয়োগ করতে হবে এবং এক্ষেত্রে মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে
- ০৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না
- ০৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে
- ০৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে
- ০৯। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না
- ১০। একাদশ শ্রেণীতে পাঠদানের অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না
- ১১। সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় এ আদেশ বাতিল বা স্থগিত করতে পারবে

২২.০৪.১৫
ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬
gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

শঙ্খপুর শাহে আলম মডেল কলেজ
ডাক: খাসেরহাট, উপজেলা: তজুমদ্দিন, জেলা: ভোলা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ০৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা
- ০৫। জেলা প্রশাসক, ভোলা
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা
- ০৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ০৮। সিস্টেম এ্যানালিস্ট (ভারপ্রাপ্ত), বশিবো
- ০৯। সংরক্ষণ নথি

২২.০৪.১৫